মেটারনিটি লিভ

প্রশ্ন ৩৯। মেটারনিটি লিভ কখন এবং কোন্ কোন্ ক্ষেত্রে পাওয়া যায়?

উত্তর। (ক) স্থায়ী এবং অস্থায়ী শিক্ষায়িত্রী অথবা অশিক্ষক মহিলা কর্মচারী ১২০ দিন মেটারনিটি লিভ পেতে পারেন। ওই ছুটি বেড়ে হয়েছে ১৩৫ দিন ২২.৩.২০০৪ থেকে। (G.O. No. 444-SE(S) dt. 22.3.2004) ১.০১.২০১১ থেকে ওই ছুটি বেড়ে হয়েছে ১৮০ দিন। (Board's No. S/148. dt. 03.06.2011 & No. 934/ES/S/2L-o1/2011. dt. 12.08.2011)

(খ) এই মেটারনিটি লিভ মিসক্যারেজ এমনকি অ্যাবরসানের ক্ষেত্রেও পাওয়া যায়। কিন্তু এক্ষেত্রে ৬ সপ্তাহের বেশি ছুটি পাওয়া যাবে না। এর জন্য কোনো রেজিস্টার্ড মেডিকেল প্র্যাকটিসনারের অথবা সরকারি হাসপাতালের ডাক্তারের সার্টিফিকেট প্রয়োজন হয়।

(গ) মেটারনিটি লিভের কোনো পরিসীমা নেই। প্রয়োজন হলেই পাওয়া যাবে।

(ঘ) ক্যাজুয়েল লিভ এবং কমপেনসেটারি লিভ ছাড়া মেটারনিটি লিভ যে-কোনো ছুটির সঙ্গে নেওয়া চলে। এই ছুটির সঙ্গে কমিউটেড লিভও নিতে পারা যায় যা চাকরি জীবনে ৩০ দিনের বেশি হবে না এর জন্য পৃথকভাবে মেডিকেল সার্টিফিকেট দেওয়ার প্রয়োজন হয় না। এই ছুটির সঙ্গে মেডিকেল লিভ পাওয়া যায় যদি মহিলা কর্মচারী অসুস্থ হন এবং সেই পরিপ্রেক্ষিতে যদি মেডিকেল সার্টিফিকেট দাখিল করেন। এছাড়া নবজাত শিশুর অসুস্থতার কারণে তার মায়ের উপস্থিতি যদি একান্ত প্রয়োজন হয় সেই পরিপ্রেক্ষিতে যদি মেডিকেল সার্টিফিকেট দাখিল করা হয় তাহলে মেডিকেল লিভ পাওয়া যায়।

(ঙ) এই ছুটি ফুল অ্যাভারেজ পে হিসাবে বিদ্যালয় কর্তৃপক্ষ অনুমোদন করতে পারেন। (G.O. No. 79-Edn. (S) dated 28.1.94)

(চ) অ্যাডিশনাল পদে নিযুক্ত শিক্ষক/অশিক্ষক কর্মচারীরা মেটারনিটি লিভ পাবেন। (Board's No. S/137 dt. 29.4.92 and No. How/105/07/9 dt. 10.1.2007)

প্রশ্ন ৪০। অস্থায়ী শিক্ষিকা যাঁর চাকরিতে যোগদান করার পর ৯ মাস চাকরি হয়নি তিনি কি মেটারনিটি লিভ পেতে পারেন?

উত্তর। শিক্ষা দপ্তরের G.O. No. 1541-Edn (S) dt. 15.12.77 অনুযায়ী কোনো অস্থায়ী শিক্ষিকার কম করে ৯ মাস চাকরি হলেই তবে মেটারনিটি লিভ পাওয়া যেত। কিন্তু G.O. No. 79-Edn(S) dt. 28.1.94 অনুযায়ী পূর্বের আদেশটি পরিবর্তন করা হয়েছে। এর ফলে অস্থায়ী শিক্ষিকার ৯ মাসের কম চাকরি হলেও মেটারনিটি লিভ পাবেন। যদি কোনো শিক্ষিকা চাকরিতে যোগদানের পরই মেটারনিটি লিভের জন্য আবেদন করেন সেক্ষেত্রে উহা বিদ্যালয় কর্তৃপক্ষ মঞ্জুর করতে পারেন। (G.O. No. 79-Edn. (S) dt. 28.1.94)

service problem solu

প্রশ্ন ৪১। যদি কোনও শিক্ষিকা ভেকেসান শুরু হবার ঠিক আগে মেটারনিটি লিভ নেন সেক্ষেত্রে যদি ভেকেসানের ছুটি ৩০ দিন থাকে তা বাদ দিয়ে কি ১৩৫ দিন মেটারনিটি লিভের সুযোগ পাওয়া যাবে?

উত্তর। না।

প্রশ্ন ৪২। যদি কোনও শিক্ষিকার ভেকেসানের মধ্যে প্রসব অথবা মিসক্যারেজ অথবা অ্যাবরসান হয়ে থাকে সেক্ষেত্রে কি ভেকেসান শেষ হবার পর থেকে ১৩৫ দিন প্রসবের জন্য অথবা ৬ সপ্তাহ মিসক্যারেজ অথবা অ্যাবরসানের জন্য মেটারনিটি লিভ পাবেন?

উত্তর। না। ভেকেসানের মধ্যে প্রসব/মিসক্যারেজ/অ্যাবরসন হলে সেই দিন থেকে মেটারনিটি লিভ শুরু ধরে ১৩৫ দিন অথবা ৬ সপ্তাহ যেমনটি হবে তা পাওয়া যাবে। (DSE's No. 1722-SC/P dt. 16.8.2007)

প্রশ্ন ৪৩। সন্তান প্রসবের পর অথবা মিসক্যারেজ/অ্যাবরসনের পরই যদি কেহ নতুন চাকরিতে যোগদান করেন সেক্ষেত্রে কী মেটারনিটি লিভ পাবেন?

উত্তর। না। যেহেতু ঘটনা ঘটেছিল চাকরিতে যোগদানের পূর্বে তাই মেটারনিটি লিভ পাবেন না।

প্রশ্ন ৪৪। যদি কোনো শিক্ষিকার ভেকেসানের ঠিক পূর্বে প্রসব হয় এবং তিনি ভেকেসানের সুযোগ পাবার আশায় ভেকেসান যেদিন শুরু হবে তার আগে এবং যেদিন খুলবে অর্থাৎ উভয়দিনই উপস্থিত থাকেন সেক্ষেত্রে কি ভেকেসানের সময়কাল বাদ দিয়ে মেটারনিটি লিভের সুযোগ পাওয়া যাবে?

উত্তর। না। ভেকেসানের সময়কালটি মেটারনিটি লিভের মধ্যে ধরা হবে।

প্রশ্ন ৪৫। ভেকেসানের পূর্বে যদি কেহ সন্তান প্রসব করেন এবং ভেকেসানের মধ্যে যদি কাহারও ১৩৫ দিন হয়ে যায় সেক্ষেত্রে কী হবে?

উত্তর। বাকি সময়কালটি তিনি ভেকেসানের ছুটি ভোগ করতে পারেন কিন্তু তাঁকে অবশ্যই ভেকেসানের পর বিদ্যালয় খোলার দিন উপস্থিত থাকতে হবে। যদি কেহ ওই দিন উপস্থিত হতে না পারেন সেক্ষেত্রে ১৩৫ দিন যে তারিখ শেষ হয়েছিল তারপর থেকে তাঁকে ছুটি নিতে হবে যতদিন না তিনি চাকরিতে যোগদান করছেন।

প্রশ্ন ৪৬। অ্যাডিশনাল পোস্টে অথবা লিভ ভেকেনসিতে চাকরিরত শিক্ষিকারা কি মেটারনিটি লিভ পাবেন?

উত্তর। হ্যাঁ, পাবেন ১৩৫ দিন। এখানে উল্লেখ্য যেসব শিক্ষিকা স্থায়ী পদের হয়ে লিভ ভেকেনসিতে ১ বছরের অধিককাল কাজ করছেন তাঁরাও ওই ছুটি পাবেন। (G.O. No. S/137 dt. 29.4.92)

প্রশ্ন ৪৭। কোনো শিক্ষিকা/অশিক্ষক কর্মচারী যদি দত্তক গ্রহণ করেন সেক্ষেত্রে কি মেটারনিটি লিভ পাবেন?

উত্তর। হ্যাঁ, পাবেন ১৩৫ দিন যদি মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদন করেন। এক্ষেত্রে আবেদন পত্র বিদ্যালয় কর্তৃপক্ষ মারফত মধ্যশিক্ষা পর্ষদে পাঠাতে হবে। (Board's No. 24(N) 1170/07/G dt. 13.4.2007) ১.৮.২০১০ থেকে দত্তক নিলে তার দেখভালের জন্য কোনো মেটারনিটি লিভ পাওয়া যাবে না। এক্ষেত্রে শিক্ষক/অশিক্ষক কর্মচারী দত্তক শিশুর দেখভালের প্রয়োজনে তাঁর প্রাপ্য ছুটি মেডিকেল লিভ/হাপ পে লিভ/কমিউটেড লিভ থেকে ১ বছর পর্যন্ত ছুটি নিতে পারেন। মেডিকেল সার্টিফিকেট ছাড়া এই ছুটি পাওয়া যাবে না যদি তাঁর দুটি সন্তান থাকে। এখানে উল্লেখ্য সব ছুটি অর্থাৎ মেডিকেল লিভ/হাপ পে লিভ এবং কমিউটেড লিভ মিলে ১ বছরের বেশি পাওয়া যাবে না যা ঠিক হয় দত্তক শিশুর বয়সের ভিত্তিতে। যদি দত্তক শিশুর বয়স ১ মাসের কম হয় সেক্ষেত্রে ছুটি পাওয়া যাবে ১ বছর। যদি বয়স ৬ মাস হয় সেক্ষেত্রে ছুটি হবে ৬ মাস এবং ৯ মাস বয়স হলে ছুটি পাওয়া যাবে ৩ মাস। (Board's No. 5/214 dt. 23.8.2010)

Service problem solu